34817 - শরি্করে স্বরূপ ও এর প্রকারগুলো কি কি?

প্রশ্ন

অনকে সময় আমি পড়ি: “এই কর্মটি বড় শরি্ক, এটি ছোটে শরি্ক” । তাই এ দুটোর পার্থক্য কি একটু স্পষ্ট করবনে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

অতি আবশ্যকীয় ও গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে বান্দা শরি্করে অর্থ, এর ভয়াবহতা ও এর প্রকারগুলো অবগত হওয়া; যাতে করে তার তাওহীদ পরিপূর্ণতা লাভ কর, তার ইসলাম নিরাপদ থাকে এবং তার ঈমান আনা সহিহ হয়। আল্লাহ্‌র কাছে তাওফিক প্রার্থনা করে আমরা শুরু করছি:

জনে রাখুন -আল্লাহ্‌ আপনাকে হদোয়তে লাভরে তাওফকি দনি- শরি্করে আভধিানকি অর্থ হচ্ছে: কোনো অংশীদার গ্রহণ করা। অর্থাৎ একজনকে অপরজনরে অংশীদার বানানো। যমেন দুইজনরে মাঝে যৌথভাবে করা হলে বলা হয়: أشرك بينهما কিংবা যখন কোনো একটি বিষয়ে দুইজনকে অংশীদার করা হয় তখন বলা হয়

أشرك في أمره غيره

পক্ষান্তরে, শরয়ি পরিভাষায় শরি্ক হল: আল্লাহ্‌র সাথে অন্য কোনো অংশীদার (شريك) বা সমকক্ষ (ند) নির্ধারণ করা; আল্লাহ্‌র রুবুবয়ি্যতরে ক্ষত্রেে কিংবা ইবাদতরে ক্ষত্রেে কিংবা তাঁর নাম ও গুণাবলীর ক্ষত্রেে।

ند হলো: সমকক্ষ ও সাদৃশ্যপূর্ণ। এ কারণে আল্লাহ্‌ তাআলা ند (সমকক্ষ) গ্রহণ করা থকেে নিষধে করছেনে এবং যারা আল্লাহ্‌কে বাদ দিয়ে অন্য কিছুকে তাঁর ند (সমকক্ষ) হিসিবে গ্রহণ কর কুরআনরে অনকে আয়াতে তাদরে নিন্দা করছেনে। আল্লাহ্‌ তাআলা বলনে:

فَلا تَجْعَلُوا لِلَّهِ أَنْدَاداً وَأَنْتُمْ تَعْلَمُونَ

البقرة / 22

তোমরা আল্লাহ্‌র সাথে সমকক্ষ নির্ধারণ করো না। অথচ তোমরা জান (আল্লাহ্‌ই স্রষ্টা, তিনিই রিজিকদাতা..)।”[সূরা

বাক্বারা, আয়াত: ২২] আল্লাহ্ তাআলা আরও বলনে:

وَجَعَلُوا لِلَّهِ أَنْدَاداً لِيُضِلُّوا عَنْ سَبِيلِهِ قُلْ تَمَتَّعُوا فَإِنَّ مَصِيرَكُمْ إِلَى النَّارِ

إبراهيم / 30

তারা আল্লাহ্র পথ থকেে বচ্যিুত করার জন্য তাঁর বহু সমকক্ষ বানয়িে নয়িছে। আপনি বলুন, তমেরা উপভোগ করতে থাক। তোমাদরে গন্তব্য হচ্ছে অগ্নি।)[সূরা ইব্রাহমি, আয়াত: ৩০]

হাদসিে এসছে যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "যে ব্যক্তি এমতাবস্থায় মৃত্যুবরণ করবে যে, সে আল্লাহ্র সাথে অপর কোন সমকক্ষকে ডাকে সে অগ্নতিে প্রবশে করব।"[সহহি বুখারী (৪৪৯৭) ও সহহি মুসলমি (৯২)]

শর্িকরে প্রকারভদে:

কুরআন-সুন্নাহ্র দ্ব্যর্থহীন দললিগুলো প্রমাণ করে যে, শর্িক কখনও কখনও ইসলাম থকেে খারজি করে দয়ে। আবার কখনও কখনও ইসলাম থকেে খারজি করে না। তাই আলমেগণ শর্িককে দুইভাগে ভাগ করার পরভিাষা গ্রহণ করছেনে: বড় শর্িক ও ছোট শর্িক। এখন আমরা প্রতটিি প্রকাররে পরচিয় তুলে ধরব।

এক: বড় শর্িক:

যটেি নরিটে আল্লাহ্র অধকিার এমন কোন অধকিার আল্লাহ্ ব্যতীত অন্যকে প্রদান করা; সটো আল্লাহ্র রুবুবয়্যিত (প্রভুত্ব)-র ক্ষত্রেে হোক, কংিবা উলুহয়্যিত (উপাসত্ব)-এ হোক, কংিবা তাঁর নাম ও গুণাবলীর ক্ষত্রেে হোক।

এ প্রকাররে শর্িক কখনও প্রকাশ্য হতে পার: যমেন- মূর্তি ও প্রতমিাপূজারীদরে শর্িক কংিবা কবর, মৃতব্যক্তি ও অনুপস্থতি ব্যক্তি-পূজারীদরে শর্িক।

আবার কখনও কখনও অপ্রকাশ্যও হতে পার: আল্লাহ্ ব্যতীত অন্য সব উপাস্যরে উপরে যারা তাওয়াক্কুল কর, কংিবা মুনাফকিদরে শর্িক ও কুফররে মত। কনেনা মুনাফকিদরে শর্িক যদওি বড় শর্িক, ইসলাম থকেে খারজি কারী শর্িক, এই শর্িককারী স্থায়ী জাহান্নামী; কন্িতু এটি গোপন। যহেতেু তারা বাহ্যতঃ ইসলাম প্রকাশ করে এবং কুফর ও শর্িক গোপন রাখ। তাই তারা গোপনে মুশরকি; প্রকাশ্যে নয়।

এই শর্িক কখনও কখনও বশি্বাসগত বষিয়গুলোতে হতে পার: যমেন ঐ সব লোকদরে বশি্বাস যারা বশি্বাস করে যে, এমন কছিু সত্তা রয়ছেে যারা আল্লাহ্র সাথে সৃষ্টি কর, জীবন দয়ে, মৃত্যু দয়ে, মালকিানা লাভ করে এবং এ বশি্ব পরচিালনা কর।

কিংবা এমন বিশ্বাস যারা করে যে, এমন কিছু ব্যক্তি রয়েছে যারা আল্লাহ্‌র মত নিঃশর্ত আনুগত্য প্রাপ্য। ফলে তারা সেসব ব্যক্তি যা হালাল করে ও যা হারাম করে সেক্ষেত্রে তাদের আনুগত্য করে; এমনকি সেগুলো যদি রাসূলদের শরিয়তের বিপরীত হয় তবুও।

কিংবা আল্লাহ্‌র ভালবাসা ও আল্লাহ্‌কে সম্মানপ্রদর্শনের ক্ষেত্রে শির্ক: অর্থাৎ আল্লাহ্‌কে যেভাবে ভালোবাসে কোন মাখলুককে ঠিক সেইভাবে ভালোবাসা। এটি এমন শির্ক যা আল্লাহ্ ক্ষমা করবেন না। এই শির্ক সম্পর্কে আল্লাহ্ তাআলা বলেন: "মানুষের মধ্যে এমন কিছু মানুষ রয়েছে যারা আল্লাহ্ ব্যতীত অন্য শরীকদেরকে আল্লাহ্‌র মত ভালোবাসে" [সূরা বাক্বারা, আয়াত: ১৬৫]

কিংবা এমন বিশ্বাস যে, আল্লাহ্‌র সাথে আরও এমন কিছু মানুষ আছে যারা গায়েব জানে। কিছু কিছু পথভ্রষ্ট ফিরকার মধ্যে এ শির্কটি অধিক বিদ্যমান; যেমন- রাফেযিদের মধ্যে, চরমপন্থী সুফিদের মধ্যে, চরমপন্থী বাতেনীদের মধ্যে। যেহেতু রাফেযিরা তাদের ইমামদের ব্যাপারে বিশ্বাস করে যে, তারা গায়েব জানে। অনুরূপ বিশ্বাস বাতেনীরা ও সুফিরা তাদের আউলিয়াদের ব্যাপারে বিশ্বাস করে।

কিংবা এমন বিশ্বাস করা যে, এমন কিছু ব্যক্তি রয়েছে যারা এমন অনুগ্রহ করেন; যে অনুগ্রহ কেবল আল্লাহ্‌ই করতে পারেন। অর্থাৎ তারাও আল্লাহ্‌র মত অনুগ্রহ করে— গুনাহ মাফ করার মাধ্যমে, বান্দাদেরকে ক্ষমা করে দেয়ার মাধ্যমে, তাদের গুনাহগুলোকে উপেক্ষা করার মাধ্যমে।

এই শির্ক কখনও কখনও বাচনিকও হতে পারে: যেমন যে ব্যক্তি আল্লাহ্ ছাড়া অন্যসত্তার কাছে প্রার্থনা করল, অন্যসত্তার কাছে বিপদমুক্তির দোয়া করল, অন্যসত্তার কাছে সাহায্য চাইল, অন্যসত্তার কাছে আশ্রয় চাইল; যেগুলোর ক্ষমতা আল্লাহ্ ছাড়া অন্য কারো নেই; এই অন্যসত্তা নবী হোক, ওলি হোক, ফেরেশতা হোক, জ্বিন হোক কিংবা অন্য কোন মাখলুক হোক। নিশ্চয় এটি বড় শির্ক ও ইসলাম থেকে খারিজকারী।

অনুরূপভাবে যে ব্যক্তি ইসলামকে নিয়ে ঠাট্টা করল কিংবা আল্লাহ্‌কে তার সৃষ্টির সাথে তুলনা দিল কিংবা আল্লাহ্‌র সাথে অন্য কোন স্রষ্টা, জীবিকাদাতা বা পরিচালনাকারী সাব্যস্ত করল—

এ সবগুলো বড় শির্ক ও জঘন্য গুনাহ; যা ক্ষমা করা হবে না।

আবার এ শির্ক কখনও কখনও কর্মে হয়ে থাকে: যেমন যে ব্যক্তি আল্লাহ্ ছাড়া অন্যসত্তার জন্য জবাই করে, নামায পড়ে কিংবা সেজদা দেয়, কিংবা আল্লাহ্‌র বিধানের বিপরীত বিধান দেয় এবং মানুষের জন্য সেগুলোকে আইন হিসেবে জারী করে, সে সব আইনের কাছে বিচার চাওয়ার জন্য মানুষকে বাধ্য করে। অনুরূপভাবে যারা মুমিনদের বিরুদ্ধে কাফেরদেরকে ও তাদের মিত্রদেরকে সহযোগিতা করে। অনুরূপ আরও যে সব কর্ম মূল ঈমানের সাথে সাংঘর্ষিক এবং সে সব কর্মে লিপ্ত হওয়া

ইসলাম থকেে খারজি করে দয়ে। আমরা আল্লাহ্‌র কাছে ক্ষমা ও নরিাপত্তা প্রার্থনা করছি।

দুই: ছোট শরি্ক:

প্রত্যকে এমন সব বষিয় যা বড় শরি্করে মাধ্যম কংিবা শরয়িতরে দললিে যে বষিয়গুলোকে শরি্ক হসিবেে উল্লখে করা হয়ছে; কনি্তু সগেুলো বড় শরি্করে গণ্ডভিুক্ত নয়।

অধকিাংশ ক্ষত্রেে এই শরি্ক দুই দকি থকেে সংঘটতি হয়ে থাক:

১। এমন কছিু উপায়-উপকরণরে সাথে সম্পৃক্ত হওয়ার দকি থকেে আল্লাহ্‌ তাআলা যে সব উপায়-উপকরণরে অনুমত দিনেনে। যমেন- হাতরে কব্জ,ি পুত বিা এ ধরণরে কছিু এ বশি্বাস নয়িে লটকানো য,ে এগুলো সুরক্ষার উপকরণ কংিবা এগুলো বদনজরকে প্রতহিত কর।ে অথচ আল্লাহ্‌ তাআলা এগুলোকে এসবরে উপকরণ বানানন;ি না শরয়িতরে বধিান হসিবে;ে আর না তাকদীররে নয়িম হসিবে।ে

২। কছিু কছিু জনিসিকে এমন সম্মান প্রদর্শন করার দকি থকে;ে তবে এমন সম্মান যটো ঐ জনিসিকে রুবুবয়িতরে পর্যায়ে পৌঁছায় না। যমেন- আল্লাহ্‌ ছাড়া অন্যসত্তার নামে কসম করা কংিবা 'যদ আিল্লাহ্‌ ও অমুক না হত' এভাবে বলা এবং এ ধরণরে অন্যান্য কথা।

আলমেগণ শরয়িতরে দললি-প্রমাণে উদ্ধৃত বড় শরি্ক থকেে ছোট শরি্ককে আলাদা করার জন্য কছিু নীতমিালা নর্ধিারণ করছেনে। এই নীতমিালার মধ্যে রয়ছে:

১. নবী সাল্লাল্লাহু আলাইহ ওিয়া সাল্লাম পরস্কিারভাবে উল্লখে করা য,ে এই কর্মট ছিোট শরি্ক। যমেন মুসনাদে আহমাদে (২৭৭৪২) এসছে: মাহমুদ বনি লাবদি থকেে বর্ণতি তনি বিলনে, রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহ ওিয়া সাল্লাম বলছেনে: 'আম তিোমাদরে জন্য সবচয়েে বশেি ভয় কর ছিোট শরি্করে। সাহাবায়ে করোম বললনে: ছোট শরি্ক ক?ি তনি বিললনে: রয়িা (প্রদর্শনচেছা)। নশ্চিয় আল্লাহ্‌ তাআলা যে দনি তার বান্দাদরেকে তাদরে আমলরে প্রতদিান দবিনে সইে দনি বলবনে: তামেরা দুনয়িাতে যাদরেকে প্রদর্শন করার জন্য আমল করতে তাদরে কাছে যাও। গয়িে দখে তাদরে কাছে কনো প্রতদিান পাও কনিা? '[আলবানী আস-সলিসলিাতুস সাহহিা গ্রন্থে (৯৫১) হাদসিটকিে সহহি বলছেনে]

২. কুরআন-হাদসিে شرك (শরি্ক) শব্দট أل বহিীন نكرة হসিবেে উদ্ধৃত হওয়া। এ ধরণরে প্রকাশভঙ্গরি মাধ্যমে অধকিাংশ ক্ষত্রেে ছোট শরি্ক উদ্দশ্যে করা হয়। এর অনকে উদাহরণ রয়ছে।ে যমেন নবী সাল্লাল্লাহু আলাইহ ওিয়া সাল্লামরে বাণী: إن الرقى والتمائم والتِّوَلَة شرك "নশ্চিয় ঝাড়ফুঁক, তামীমা (তাবজি-কবচ-মাদুল)ি, তওিয়ালা (বশীকরণ ও বদি্বষেন মন্ত্র) শরি্ক"।[সুনানে আবু দাউদ (৩৮৮৩), আলবানী সলিসলিাতু সাহহিা গ্রন্থে (৩৩১) হাদসিটকিে সহহি বলছেনে] এ হাদসিে শরি্ক দ্বারা উদ্দশ্যে হচ্ছ-ে ছোট শরি্ক; বড় শরি্ক নয়।

তামীমা (তাবজি-কবচ-মাদুলী): এমন কছিু যা বাচ্চাদরে গায়ে ঝুলানো হয়; যমেন- পুতি বা এ জাতীয় অন্য কছিু। তারা ধারণা করে যে, এটি বাচ্চাকে বদনজর থকেে রক্ষা করব।ে

তওিয়ালা: এমন কছিু যা তরৈী করা হয় এ ধারণা থকেে য,ে এটি স্বামীর কাছে স্ত্রীকে ও স্ত্রীর কাছে স্বামীকে প্রয়িভাজন করব।ে

৩. সাহাবায়ে করোম শরয়িতরে দললিগুলো এই বুঝ বুঝা যে, এখানে শরি্ক দ্বারা ছোট শরি্ক উদ্দশ্যে; বড় শরি্ক নয়। নঃিসন্দহেে সাহাবায়ে করোমরে বোধ ধর্তব্য। কারণ তারা আল্লাহ্‌র দ্বীন সম্পর্কে সর্বাধকি অবগত এবং শরয়িত প্রণতোর উদ্দশ্যে সম্পর্কে অধকি অবহতি। এর উদাহরণ হচ্ছে যা আবু দাউদ বর্ণনা করছেনে (হাদসি নং ৩৯১০) ইবনে মাসউদ (রাঃ) থকে,ে তনিি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকে;ে "তনিি বলনে: কুলক্ষণে বশি্বাস করা শরি্ক। কুলক্ষণে বশি্বাস করা শরি্ক। তনিবার বলছেনে। আমাদরে মধ্যে যে কউেই এতে লপি্ত হয়। কনি্তু তাওয়াক্কুলরে মাধ্যমে আল্লাহ্‌ এটাকে দূর করে দনে।" এই হাদসি:ে "আমাদরে মধ্যে যে কউেই এতে লপি্ত হয়..." এটি ইবনে মাসউদ (রাঃ) এর কথা; যমেনটি উল্লখে করছেনে বড় বড় মুহাদ্দসিগণ। এতে প্রমাণতি হয় য,ে ইবনে মাসউদ (রাঃ) বুঝছেনে যে, এটি ছোট শরি্ক। কনেনা "আমাদরে মধ্যে যে কউেই বড় শরি্কে লপি্ত হয়" তনিি এমনটি উদ্দশ্যে করতে পারনে না। তাছাড়া বড় শরি্ক আল্লাহ্‌র উপর তাওয়াক্কুল দ্বারা দূরীভুত হয় না; বরং তাওবা দ্বারা দূরীভুত হয়।

৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শরি্ক বা কুফর শব্দকে এমন কছিু দয়িে তাফসরি করা যার থকেে প্রমাণতি হয় য,ে এর দ্বারা উদ্দশ্যে হচ্ছ-ে ছোট শরি্ক; বড় শরি্ক নয়। যমেনটি যায়দে বনি খালদে আল-জুহানী থকেে বর্ণতি আছে য,ে তনিি বলনে: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে বৃষ্টপিাতরে পর হুদায়বয়িাতে আমাদরে নয়িে ফজররে নামায আদায় করলনে। নামায শষে করে তনিি লোকেদরে দকিে ফরিে বললনে: তোমেরা কি জানো, তোমাদরে প্রভু কী বলছেনে? তাঁরা বললনে: আল্লাহ ও তাঁর রাসূলই ভাল জাননে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললনে, তনিি বলছেনে: আমার বান্দাদরে মধ্যে কউে কউে আমার প্রতি মু'মনি হয়ে ভোরে উপনীত হয়ছে।ে আর কউে কউে কাফরে হয়ে ভোরে উপনীত হয়ছে।ে যে বলছে:ে مُطِرْنَا بِفَضْلِ اللَّهِ وَرَحْمَتِهِ (আমরা আল্লাহর করুণা ও রহমতে বৃষ্টি লাভ করছে)ি সে আমার প্রতি মু'মনি (বশি্বাসী) ও নক্ষত্ররে প্রতি কাফরে (অবশি্বাসী)। আর যে বলছ,ে অমুক অমুক নক্ষত্ররে প্রভাবে আমাদরে উপর বৃষ্টপিাত হয়ছে,ে সে আমার প্রতি কাফরে (অবশি্বাসী) ও নক্ষত্ররে প্রতি মু'মনি (বশি্বাসী)।"[সহহি বুখারী (১০৩৮) ও সহহি মুসলমি (৭১)]

এই হাদসিে কুফররে তাফসরি কী সটো অন্য একটি রওিয়ায়তে এসছে।ে আবু হুরায়রা (রাঃ) থকেে বর্ণতি আছে য,ে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছেনে: তোমরা কি জানো না তোমাদরে রব কি বলছেনে? তনিি বলছেনে: আমি যখনই আমার বান্দাদরে উপর কোনে নয়োমত নাযলি কর,ি তখনই তাদরে একদল এই নয়োমতকে কুফুরী (অস্বীকৃত)ি করে এবং বলে য,ে নক্ষত্র ও নক্ষত্ররে প্রভাবে আমরা নয়োমত পয়েছে।ি" এখানে স্পষ্ট করে দয়ো হল যে ব্যক্তি বৃষ্টপিাতকে নক্ষত্ররে দকিে এই দকি থকেে সম্পৃক্ত করে য,ে নক্ষত্রগুলো বৃষ্টপিাতরে কারণ অথচ প্রকৃতপক্ষে আল্লাহ্‌ তাআলা নক্ষত্রগুলোকে

এর কারণ বানাননি সক্ষেত্রে এই ব্যক্তরি এ কুফুরীটি হচ্ছে আল্লাহ্র নয়োমতরে কুফুরী (অস্বীকৃতি)। আর এটি সুবদিতি যে, কোন নয়োমতকে অস্বীকার করাটা ছোট শর্কি। পক্ষান্তরে, যে ব্যক্তি বশি্বাস করে যে, নক্ষত্রগুলোই বশি্বজাহান নয়িন্ত্রণ করে, এগুলোই বৃষ্টপিাত করে তাহলে সটো বড় শর্কি।

ছোট শর্কি কখনও কখনও প্রকাশ্য হতে পার; যমেন- চুড়ি, সুতা, তাবজি-কবচ-মাদুলি ইত্যাদি পরা।

আবার অপ্রকাশ্যও হতে পার; যমেন- সূক্ষ্মাতসিূক্ষ্ম রয়িা (প্রদর্শনচ্ছো)।

তমেনভিাবে ছোট শর্কি বশি্বাসশ্রণেীয় বষিয়ে হতে পার:

যমেন কউে কোন কছিু ব্যাপারে এই বশি্বাস করল যে, এটি কল্যাণ আনয়ন করে ও অকল্যাণ দূর কর; অথচ আল্লাহ্ তাআলা এর মধ্যে এমন কোন উপকরণ রাখনেনি। কংিবা কোন কছিুতে বরকত আছে বলে বশি্বাস করা; অথচ আল্লাহ্ তাতে বরকত রাখনেনি।

ছোট শর্কি কখনও কখনও কথাবার্তায়ও হতে পার:

যমেন যারা বলছেলি যে, আমরা অমুক অমুক নক্ষত্ররে প্রভাবে বৃষ্টি লাভ করছে; তবে তারা এমন বশি্বাস করনেি যে, নক্ষত্রগুলো নজিরো স্বয়ংসম্পূর্ণভাবে বৃষ্টি নাযলি কর। কংিবা যে ব্যক্তি আল্লাহ্ ছাড়া অন্য কোন সত্তার নামে কসম করছে; তবে সইে সত্তা আল্লাহ্র সম মর্যাদাবান এমন বশি্বাস ব্যতরিকে। কংিবা যে ব্যক্তি বলল: আল্লাহ্ যা চান এবং আপনি যা চান; ইত্যাদি।

ছোট শর্কি কখনও কখনও কর্মরে মাধ্যমওে হতে পার:

উদাহরণত যে ব্যক্তি কোন রোগমুক্তরি জন্য কংিবা রোগ থকেে দূরে থাকার জন্য তাবজি-কবচ লটকায় কংিবা চুড়ি পরে কংিবা সুতা পর। কারণ প্রত্যকে যে ব্যক্তি কোন কছিুকে অন্য কছিু জনিসিরে কারণ হসিবেে সাব্যস্ত করল; অথচ আল্লাহ্ তাআলা সটোকে ঐ জনিসিরে কারণ বানাননি; না শরয়ি বধিান হসিবে; আর না তাকদীররে নয়িম হসিবে— সইে শর্কি করল। অনুরূপভাবে যে ব্যক্তি বরকত লাভরে আশায় এমন কছিুকে স্পর্শ করল আল্লাহ্ যাতে বরকত রাখনেনি; যমেন- মসজদিরে দরজাগুলোকে চুম্বন করা, কংিবা মসজদিরে চৌকাঠ স্পর্শ করা, কংিবা মসজদিরে মাটকিে ঔষধ হসিবেে ব্যবহার করা, ইত্যাদি অন্যান্য কর্ম।

এটি শর্কিরে দুটো প্রকার ছোট শর্কি ও বড় শর্কি সম্পর্কে সংক্ষপি্ত আলোচনা। এই সংক্ষপি্ত জবাবে বস্তিারতি আলোচনা করা সম্ভবপর নয়।

উপসংহার:

একজন মুসলমিরে উপর কর্তব্য ছোটে শরি্ক বা বড় শরি্ক সকল শরি্করে ব্যাপারে সাবধান থাকা। কনেনা শরি্ক হচ্ছে- আল্লাহ্র সবচয়েে বড় অবাধ্যতা, তাঁর অধকিাররে সীমালঙ্ঘন করা। আল্লাহ্র অধকিার হচ্ছে- নরিঙ্কুশভাবে তার ইবাদত করা।

আল্লাহ্ তাআলা মুশরকিদরে জন্য স্থায়ীভাবে জাহান্নামে থাকাকে আবশ্যক করছেনে এবং জানয়িছেনে যে, তনিি তাদরেকে ক্ষমা করবনে না। তাদরে জন্য জান্নাতকে হারাম করে দয়িছেনে। আল্লাহ্ তাআলা বলনে:

إِنَّ اللَّهَ لا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدِ افْتَرَى إِثْماً عَظِيماً

النساء / 48

(নশি্চয় আল্লাহ্ তাঁর সাথে শরি্ক করাকে ক্ষমা করবনে না। এর চয়েে লঘু গুনাহ যার জন্য ইচ্ছা ক্ষমা করে দবিনে। যে ব্যক্তি আল্লাহ্র সাথে শরি্ক করে সে মহা পাপে লপি্ত হয়।)[সূরা নসিা, আয়াত: ৪৮]

তনিি আরও বলনে:

إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنْصَارٍ    المائدة / 72

(নশি্চয় যে ব্যক্তি আল্লাহ্র সাথে শরি্ক করে আল্লাহ্ তার জন্য জান্নাতকে হারাম করে দয়িছেনে। জাহান্নামই তার আবাসস্থল। আর জালমিদরে কোন সাহায্যকারী নইে।)[সূরা মায়দিা, আয়াত: ৭২]

তাই প্রত্যকে আকলবান ও দ্বীনদার ব্যক্তরি উপর আবশ্যক নজিরে ব্যাপারে শরি্কে লপি্ত হওয়াকে ভয় করা এবং নজিরে প্রভুর কাছে শরি্ক থকেে মুক্ত থাকার জন্য দোয়া করা যমেনভিাবে ইব্রাহমি (আঃ) দোয়া করে বলছেনে:

وَاجْنُبْنِي وَبَنِيَّ أَنْ نَعْبُدَ الأَصْنَامَ

إبراهيم / 35

আমাকে এবং আমার সন্তানদরেকে মূর্তিপূজা থকেে বাঁচান)[সূরা ইব্রাহমি, আয়াত: ৩৫] এজন্য জনকৈ সলফে সালহেীন বলতনে: “ইব্রাহমি আলাইহসি সালামরে পর আর কোন ব্যক্তি নজিকেে নরিাপদ ভাবতে পার।ে” তাই একজন বশি্বস্ত বান্দা শরি্ককে ভয় করা ছাড়া গত্যন্তর নইে এবং তার প্রভুর কাছে তার তীব্র আগ্রহ হবে তনিি যনে তাকে শরি্ক থকেে মুক্ত রাখনে। বান্দা ঐ সুমহান দোয়াটি করতে থাকবে যে দোয়া নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শখিয়িছেনে: اللهم إني أعوذ بك أن أشرك بك وأنا أعلم، وأستغفرك لما لا أعلم (হে আল্লাহ্! জ্ঞাতসারে আপনার সাথে শরি্ক করা থকেে আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি এবং অজ্ঞাতসারে করে ফলেলে ক্ষমা চাচ্ছি।)[আলবানী ‘সহহিুল জাম’ে গ্রন্থে (৩৭৩১) হাদসিটকিে সহহি বলছেনে।

পূর্বে যা আলোচিত হয়েছে সেটি বড় শির্ক ও ছোট শির্কের স্বরূপগত পার্থক্য, প্রত্যেক প্রকারের সংজ্ঞা ও প্রকারভেদ। পক্ষান্তরে, এ দুটোর হুকুমগত পার্থক্য হচ্ছে:

বড় শির্ক ইসলাম থেকে খারিজ করে দেয়। বড় শির্কে লিপ্ত ব্যক্তির উপর ইসলাম ত্যাগ ও মুরতাদ হয়ে যাওয়ার হুকুম দেয়া হয় এবং সে কাফের ও মুরতাদ হয়ে যায়।

পক্ষান্তরে, ছোট শির্ক ইসলাম থেকে খারিজ করে দেয় না। বরং কখনও কখনও কোন মুসলিম ছোট শির্কে লিপ্ত হয়ে যেতে পারে। তবুও সে ইসলামের উপরই থাকবে। তবে ছোট শির্কে লিপ্ত ব্যক্তি ভয়াবহ শংকার মধ্যে রয়েছে। কেননা ছোট শির্ক কবিরা গুনাহ। ইবনে মাসউদ (রাঃ) বলেন: "আমি আল্লাহ্‌র নামে মিথ্যা শপথ করা আমার কাছে অন্য কোন সত্তার নামে সত্য শপথ করার চেয়ে অধিক প্রিয়।" তিনি অন্য কোন সত্তার নামে শপথ করাকে (যেটা হচ্ছে ছোট শির্ক) আল্লাহ্‌র নামে মিথ্যা শপথ করার চেয়ে জঘন্য নির্ধারণ করেছেন। অথচ এটি সুবিদিত যে, আল্লাহ্‌র নামে মিথ্যা শপথ করা কবিরা গুনাহ।

আমরা আল্লাহ্‌র কাছে দোয়া করছি তিনি যেন আমাদের অন্তরগুলোকে তাঁর দ্বীনের উপর অবিচল রাখেন যতক্ষণ পর্যন্ত না আমরা তাঁর সাথে সাক্ষাত করি। আমরা মহান আল্লাহ্‌র ইজ্জতের ওসিলা দিয়ে তাঁর কাছে আশ্রয় চাচ্ছি তিনি যেন, আমাদেরকে পথভ্রষ্ট না করেন। নিশ্চয় তিনি চিরঞ্জীব; যিনি মৃত্যুবরণ করবেন না; জ্বিন ও ইনসান মৃত্যুবরণ করবে। আল্লাহ্‌ই সর্বজ্ঞ ও সবচেয়ে প্রজ্ঞাবান এবং তাঁর কাছেই প্রত্যাবর্তন।